বসন্ত আওল রে !
মধুকর গুন গুন, অমুয়ামঞ্জরী    কানন ছাওল রে ।
শুন শুন সজনী হৃদয় প্রাণ মম    হরখে আকুল ভেল,
জর জর রিঝসে দুঃখদহন সব    দূর দূর চলি গেল ।
মরমে বহই বসন্তসমীরণ,    মরমে ফুটই ফুল,
মরমকুঞ্জ-'পর বোলই কুহু কুহু    অহরহ কোকিলকুল ।
সখি রে, উচ্ছল প্রেমভরে অব    ঢলঢল বিহ্বল প্রাণ,
মুগ্ধ নিখিলমন দক্ষিণপবনে    গায় রভসরসগান !
বসন্তভূষণভূষিত ত্রিভুবন    কহিছে- দুখিনী রাধা,
কঁহি রে সো প্রিয়, কঁহি সো প্রিয়তম,    হৃদিবসন্ত সো মাধা !
ভানু কহে -  অতি গহন রয়ন অব,    বসন্তসমীরশ্বাসে
মোদিত বিহ্বল চিত্তকুঞ্জতল    ফুল্ল বাসনা-বাসে ॥

---

Parjaay: Bhanu Singher Padabali, Raag: Bahaar
Visit www.geetabitan.com for notation and other detail